

কওমি মাদ্রাসা শিক্ষকদের  
বিবৃতি

## জঙ্গিবাদ দূর করতে মোটিভেশন প্রোগ্রাম গ্রহণ করুন

আলেম-ওলামারা কোনো ধরনের হত্যাকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত নন। তারা এ ধরনের কর্মকাণ্ডকে সমর্থনও করেন না। তারা এর প্রতিবাদ করেন ও নিন্দা জানান। কওমি মাদ্রাসা শিক্ষক ফেডারেশনের সভাপতি মুহাম্মিদ আলী আবদুল মাজেদ আতহারী ও মহাসচিব মুফতি কামরুল ইসলাম উইয়াশানিবার এক যুক্ত বিবৃতিতে এ দাবি করেছেন।

মুফতি সুবায়ের হারির স্বাক্ষরিত ফ্লায়ারযোগে পাঠানো বিবৃতিতে বলা হয়, দেশ থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদ বন্ধ করতে হলে অগ্রন্বয়ংখলা রক্ষাকারী বাহিনীর কার্যক্রমের পাশাপাশি সব দলমত ও পেশার মানুষকে সম্পৃক্ত করে আলেম-ওলামাদের দ্বারা সরকারের মোটিভেশন প্রোগ্রাম গ্রহণ করা প্রধান কর্তব্য। এ ব্যাপারে গত বছরের সেপ্টেম্বরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি প্রস্তাব পাঠানো হয়েছে।

প্রস্তাবের ফটোকপি সাবেক রাষ্ট্রপতি ছসেইন মুহাম্মদ এরশাদ এবং বিরোধীদলীয় নেতা রওশন এরশাদকেও দেয়া হয়েছিল। বিবৃতিতে বলা হয়, প্রত্যাটি সংসদে শহরে-বন্দরে, গ্রামে-গঞ্জে আলোচিত হলে আরও সুন্দর ও কার্যকর প্রস্তাব আসতে পারে। নেতারা প্রস্তাবটি সংসদে আলোচনার আহ্বান জানান।  
সংবাদ বিজ্ঞপ্তি